

মানুষ হতে চাই
জাহানারা নাসরিন

যতই সংখ্যার মানুষে খুব দূত
ভরে যাচ্ছে এই ধরা,
ততই মনুষ্যত্বের মানুষ
কমে আসছে শূন্যের কোঠায়।
বিধাতা আমাদের মানুষ করো
খোলসে ঢাকা সংখ্যার মানুষ নয়,
খোলসে ঢাকা মানুষগুলো
বড্ড বেশি সরীসৃপ হয়,
প্রয়োজনে ক্ষণে ক্ষণে রঙ বদলায় তারা
তাদের হিংস্র তাণ্ডবে জাতি আজ দিশেহারা।

বিধাতা আমাদের শুধুই মানুষ করো
চূর্ণ-বিচূর্ণ হোক শত ঈর্ষার দেয়াল
নিমিষেই গড়ে উঠুক সহানুভূতির পাহাড়
হাজার বছরের অনাকাঙ্ক্ষিত আত্ননাদগুলো
ভরে উঠুক সহমর্মিতা আর ভালোবাসায়।
সৃষ্টির বিলুপ্ত অনুভূতিগুলো আবার
জেগে উঠুক নতুন পরিক্রমায়।

নির্লিপ্ত, স্বার্থপর ও নষ্ট বিশেষণের মানুষ নয়
প্রকৃত মানুষ, মনুষ্যত্বের মানুষ,
বিধাতা আমরা কেবলই মানুষ হতে চাই।

